22 MAY 2016
তারিখ ...২২ MAY 2016... পৃষ্ঠা ...২... কলাম ...৬...

দৈনিক জনকণ্ঠ

# ঢাবিতে ছায়া বাজেট অধিবেশনে শিক্ষা খাতে সর্বোচ্চ অগ্রাধিকারের আহ্বান

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।** শিক্ষা খাতে বাজেটের সর্বোচ্চ বরাদ্দ এবং অগ্রাধিকার দেয়ার ওপর গুরুত্বারোপ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) উপাচার্য অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক বলেছেন, শিক্ষিত জনগোষ্ঠীই সর্বোত্তম প্রতিরক্ষা। প্রতিরক্ষা খাতের প্রয়োজন আছে। তবে দক্ষ ও শিক্ষিত জনশক্তি না থাকলে ভাল প্রতিরক্ষা ব্যবস্থা পাওয়া যাবে না। শনিবার ঢাবির নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন মিলনায়তনে 'জন-বাজেট-সংসদ' শীর্ষক দিনব্যাপী ছায়া বাজেট অধিবেশনে তিনি এসব কথা বলেন। জাতীয় পরিকল্পনা ও বাজেট সম্পর্কিত সংসদীয় ককাস, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেন্টার অন বাজেট এ্যান্ড পলিসি এবং গণতান্ত্রিক বাজেট আন্দোলনের যৌথ উদ্যোগে এ অধিবেশনের আয়োজন করা হয়। এতে আলোচনায় অংশ নেয় অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সংসদ সদস্য ড. আব্দুর রাজ্জাক, বাজেট সম্পর্কিত সংসদীয় ককাসের সহসভাপতি কবি কাজী রোজী, ককাসের সাধারণ সম্পাদক নাজমুল হক প্রধান, পরিকল্পনা কমিশনের সদস্য ও জ্যেষ্ঠ সচিব অধ্যাপক ড. শামসুল আলম, বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক জামালউদ্দীন আহমদ, একশন এইড বাংলাদেশের কান্ট্রি ডিরেক্টর ফারাহ কবির, গণতান্ত্রিক বাজেট আন্দোলনের সভা প্রধান ড. প্রতিমা পাল মজুমদার প্রমুখ। অনুষ্ঠান সঞ্চালনা ঢাবির উন্নয়ন অধ্যয়ন বিভাগের সহযোগী অধ্যাপক কাজী মারুফুল ইসলাম। উদ্বোধনী অধিবেশনে 'জাতীয় বাজেট ২০১৬-১৭ জন অংশীদারিত্বের সন্ধানে' শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন করা হয়।

উপাচার্য বলেন, বর্তমানে ৮ম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষা ব্যবস্থা পুনঃসংস্কারের সিদ্ধান্ত নেয়া হয়েছে। এখন সবচেয়ে অগ্রাধিকারের বিষয় হলো প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে অধিকতর বরাদ্দ বৃদ্ধি করা। প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে মানসম্মত শিক্ষা এবং অভিজ্ঞ শিক্ষক বিশেষ প্রয়োজন। উচ্চশিক্ষা পর্যায়ে শিক্ষকরা যেমন বিদেশে গিয়ে পড়াশুনা ও প্রশিক্ষণের সুযোগ গ্রহণ করেন সেরকম প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদেরও সে সুযোগ দিতে হবে।

ড. আব্দুর রাজ্জাক বলেন, জনসম্পৃক্ততা নিয়ে বাজেট প্রণয়নে এই 'ছায়া বাজেট সংসদ' অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করবে। দেশে শান্তিপূর্ণ রাজনৈতিক অবস্থান বিরাজমান থাকলে 'ছায়া বাজেট সংসদ' এর বিশ্লেষণধর্মী ও বাস্তবসম্মত প্রস্তাবনা গণতান্ত্রিক বাজেট আন্দোলনে সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনে সাফল্য লাভ করবে।